

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/প্রাঃ ক্লিঃ/ল্যাবঃ/পরিদর্শন সংক্রান্ত/২০১৯/
প্রতি,
সিভিল সার্জন(সকল)।

তারিখঃ

বিষয়ঃ বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান সমূহ পরিদর্শনের জন্য একাধিক টীম গঠন প্রসঙ্গে।

ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, ঢাকার বাহিরের বিভিন্ন জেলা পর্যায়ে অবস্থিত বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান সমূহের পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম মন্দ হতে পড়েছে। উক্ত কার্যক্রমকে জোরদার করার জন্য নিম্নরূপভাবে টীম গঠন করার জন্য বলা হলো।

- ১। টীম-০১- ক) সিভিল সার্জন সভাপতি।
খ) সিনিয়র/জুনিয়র কনসালটেন্ট(মেডিসিন) ও প্যাথলজিস্ট, সদর হাসপাতাল/মেডিকেল কলেজ
হতে (০২ জন) সদস্য।
গ) ডেপুটি সিভিল সার্জন(০১ জন) সদস্য-সচিব।
- ২। টীম-০২-(ক) মেডিকেল কলেজ হাসপাতাল(প্রযোজ্য ক্ষেত্রে) বা জেলা সদর হাসপাতালে যথাক্রমে
সহযোগী/সহকারী অধ্যাপক অথবা কনসালটেন্ট (সার্জারী)..... সভাপতি।
(খ) প্যাথলজি বিভাগের সহকারী অধ্যাপক/সদর হাসপাতালের প্যাথলজিস্ট এবং ০১ জন এমও(০২জন)সদস্য।
(গ) এমও(সিএস)সদস্য-সচিব।
- ৩। টীম-০৩-(ক) সহকারী অধ্যাপক/জুনিয়র কনসালটেন্ট/প্যাথলজিস্ট(প্যাথলজী বিভাগ)..... সভাপতি।
(খ) মেডিকেল অফিসার(সদর হাসপাতাল)সদস্য।
(গ) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সদস্য-সচিব।

*টীম ০১ এবং ০২ হাসপাতাল/ক্লিনিকের এবং ডায়াগনস্টিক সর্বত্র বিষয়ের জন্য, টীম-৩ শুধুমাত্র ডায়াগনস্টিক সেন্টার।

*পরিচালক (স্বাস্থ্য) গঠিত টীম সমূহের কার্যক্রম সমন্বয় করবেন।

এমতাবস্থায়, পূর্বের ন্যায় বর্ণিত টীম গঠন পূর্বক নিয়মিত পরিদর্শন কার্যক্রম জেলা এবং উপজেলা ত্তরান্বিত করনের মাধ্যমে লাইসেন্স প্রদান ও নবায়নের কাজ এগিয়ে গিতে এবং মনিটরিং কার্যক্রমকে জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। পরিদর্শন কাজের একটি মাসিক প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করতে হবে।

সংযুক্তঃ মনিটরিং Checklist

স্বাঃ

(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

ফোন নং-০২-৫৫০৬৭১৫০, ফ্যাক্সঃ ০২-৫৫০৬৭১৫১

Email: directorhospital@ld.dghs.gov.bd

স্মারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/প্রাঃ ক্লিঃ/ল্যাবঃ/পরিদর্শন সংক্রান্ত/২০১৯/ ৬৫২৫/৮(২)

তারিখঃ ০১/০২/২০১৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃঃ আঃ সহকারী পরিচালক(সমন্বয়)।

২। পরিচালক, স্বাস্থ্য(সকল)।

Dr. Aminul Hasan 18/1/19

(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।